

ইসলামী গান

ও মন রমজানের ঐ রোজার শেষে

কাজী নজরুল ইসলাম

পিলু-কার্ফা

ও মন রমজানের ঐ রোজার শেষে
এল খুশির ঈদ।
তুই আপনাকে আজ বিলিয়ে দে
শোন্ আসমানী তাকিদ ॥

তোর সোনাদানা বালাখানা
সব রাহে লিল্লাহ
দে জাকাত মুর্দা মুসলিমের আজ
ভাঙাইতে নিঁদ ॥

তুই পড়বি ঈদের নামাজ বে মন
সেই সে ঈদগাহে
যে ময়দানে সব গাজী মুসলিম
হয়েছে শহীদ ॥

আজ ভূলে গিয়ে দোস্ত-দুশমন
হাত মিলাও হাতে,
তোর প্রেম দিয়ে কর্ বিশ্ব নিখিল
ইসলামে মুরীদ ॥

যারা জীবন ভরে রাখছে রোজা
নিত্-উপবাসী
সেই গরীব এতিম মিস্কিনে দে
যা কিছু মফিদ ॥

তাল্ হৃদয়ের তোর তশ্তরীতে
শিরণী তৌহিদের,
তোর দাওত্ কবুল করবেন হজরত,
হয় মনে উমীদ ॥

তোরে মার্ল ছুঁড়ে জীবন জুড়ে
ইঁট পাথর যারা
সেই পাথর দিয়ে তোন্ রে গ'ড়ে
প্রেমেরি মসজিদ ॥

সৌজন্যেঃ নজরুল রচনাবলী, বাংলা একাডেমী, ১৯৯৬, ২য় খন্ড, পৃঃ ২২৩-২২৪।